

া সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৯০০ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৫৩]

৪/ কিতাবুস স্থলাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৪. যোহর ও আসরের কিরা'আত পাঠ

باب الْقِرَاءَةِ فِي الظُّهْرِ وَالْعَصْرِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ يَحْيَى، أَخْبَرَنَا هُشَيْمٌ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ عُمَيْرٍ، عَنْ جَابِرِ بْنِ سَمْرَةَ، أَنَّ أَهْلَ الْكُوفَةِ، شَكُوا سَعْدًا إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ فَذَكَرُوا مِنْ صَلَاتِهِ فَأَرْسَلَ إِلَيْهِ عُمَرُ فَقَدِمَ عَلَيْهِ فَذَكَرُ لَهُ مَا عَابُوهُ بِهِ مِنْ أَمْرِ الصَّلَاةِ فَقَالَ إِنِّي لأُصلِّي بِهِمْ صَلاَةً رَسُولِ اللَّهِ فَقَدِمَ عَلَيْهِ فَذَكَرَ لَهُ مَا عَابُوهُ بِهِ مِنْ أَمْرِ الصَّلَاةِ فَقَالَ إِنِّي لأُصلِّي بِهِمْ صَلاَةً رَسُولِ اللَّهِ صَلَى الله عليه وسلم مَا أَخْرِمُ عَنْهَا إِنِّي لأَرْكُدُ بِهِمْ فِي الأُولَيَيْنِ وَأَحْذِف فِي الأُخْرَيَيْنِ . فَقَالَ نَاكَ الظَّنُّ بِكَ أَبًا إِسْحَاقَ .

বাংলা

৯০০। ইয়াহইয়া ইবনু ইয়াহইয়া (রহঃ) ... জাবির ইবনু সামুরা (রাঃ) বর্ণনা করেন, কুফাবাসিগণ সা'দের সালাত (নামায/নামাজ) সম্পর্কে উমার ইবনুল খাত্তাবের নিকট অভিযোগ করল। উমার (রাঃ) তাকে ডেকে পাঠালেন। তিনি আগমন করলে উমার তাঁর সালাত সম্পর্কে কুফা বাসীদের অভিযোগের কথা অবহিত করলেন। সা'দ (রাঃ) বললেন, আমি তো রাসুলুল্লাহ সাল্লাল্ল আলাইহি ওয়াসাল্লাম এর মতই তাদের নিয়ে সালাত আদায় করে থাকি। তাতে একটুকুও ত্রুটি করিনা। আমি প্রথম দুই রাকআত লম্বা করি এবং শেষের দুই রাকআত সংক্ষেপে আদায় করে থাকি। তখন উমার (রাঃ) তাঁকে বললেন, হে আবু ইসহাক! তোমার নিকট হতে এটাই আশা করা যায়।

English

Jabir b. Samura reported:

The people of Kufa complained to Umar b. Khattab about Sa'id and they made a mention of his prayer. 'Umar sent for him. He came to him. He ('Umar) totd him that the people had found fault with his prayer. He said: I lead them in prayer in accorance with the prayer of the Messenger of Allah (ﷺ). I make no decrease in it. I make them stand for a longer time in the first two (rak'ahs) and shorten it in the last two. Upon this 'Umar remarked:



This is what I deemed of thee, O Abu Ishaq

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

<u> হ্র</u> হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন